


১৬৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd




নং-৪৬.৪২.৯০০০.০৪২.১৪.০৮০.২০২০-১২০৯

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৭
০৮ ডিসেম্বর ২০২০

বিষয়: ২০১৮-২০১৯ অর্থবছরে সুনামগঞ্জ জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় অনুমোদিত প্রকল্পের প্রাক্কলন সংশোধন সংক্রান্ত।

সূত্র: সুনামগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৬০.৯০০০.০০০.১৪.০০১.১৯-৫১৪; তারিখ: ০৪/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে ২০১৮-২০১৯ অর্থবছরে সুনামগঞ্জ জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার অনুমোদিত সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলা সদরে মুক্ত মঞ্চ নির্মাণ প্রকল্পটি গ্রহণের সময় সরেজমিন পরিদর্শনপূর্বক পূর্ণাঙ্গ প্রাক্কলন প্রস্তুত না করার কারণ জানানোর জন্য অনুরোধ করা হলো। একইসাথে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কর্তৃক প্রস্তাবিত প্রাক্কলনটি যাচাইপূর্বক কারিগরি প্রতিবেদনসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।


(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।